# কাবিন-নামা।

হোছ্‌নোল্‌ আকায়েদ্‌, মা'দানোল্‌ মাছায়েল্‌ প্রভৃতি গ্রন্থ-প্রণেতা, মাদারীপুর ইস্‌লামিয়া হাই-স্কুলের ভূতপূর্ব্ব হেড্‌ মৌলবী ও হরিরামপুর থানার এম, এম, রেজিষ্ট্রার ও কাজি


## মৌলবী সৈয়দ মোয়াজ্জম হোছেন

প্রণীত।



জিলা ঢাকা, থানা হরিরামপুর, সাং হাজিনগর নিবাসী
মুন্সী মাহতাবদ্দিন আহ্‌মদ কর্ত্তৃক
প্রকাশিত।

১৩২৩ সন।



সর্ব্বস্বত্ব সংরক্ষিত।]


[মূল্য ৵০ দুই আনা মাত্র।


1 MAI 1926

# কাবিন-নামা।

হোছ্নোল্ আকায়েদ্, মা'দানোল্ মাছায়েল্ প্রভৃতি গ্রন্থ-প্রণেতা, মাদারীপুর
ইস্লামিয়া হাই-স্কুলের ভূতপূর্ব্ব হেড্ মৌলবী ও হরিরামপুর
থানার এম, এম, রেজিষ্ট্রার ও কাজি

মৌলবী সৈয়দ মোয়াজ্জম হোছেন

প্রণীত।

জিলা ঢাকা, থানা হরিরামপুর, সাং হাজিনগর নিবাসী
মুন্সী মাহতাবদ্দিন আহ্মদ কর্ত্তৃক
প্রকাশিত।

১৩২৩ সন।

সর্ব্বস্বত্ব সংরক্ষিত।]

[মূল্য ৵০ দুই আনা মাত্র।

IMPERIAL LIBRARY
AUG — 4 1921

# ভুমিকা।

মুছলমানদিগের বিবাহ রেজিষ্টরী করার আইন প্রবর্ত্তিত হওয়ায় পর হইতে প্রায় সর্ব্ব শ্রেণীর মুছলমানদের মধ্যেই বিবাহে কাবিন লিখার প্রথা প্রচলিত হইয়া গিয়াছে। কাবিন লিখার জন্য ভাষা ও শরীয়াতে উপযুক্ত দখল থাকা আবশ্যক। ভাষা ও শরীয়াতে উপযুক্ত জ্ঞান না থাকিলে শুদ্ধ করিয়া কাবিন লিখা যায় না। গত ৮ মাসে আমি প্রায় ৫০০ কাবিন রেজেষ্টরী করিয়াছি, ইহার মধ্যে ২৫ খানা কাবিনও এরূপ পাই নাই যাহা শুদ্ধভাবে লিখা হইয়াছে। কাবিন লিখকগণের ভাষাও শরীয়াতে উপযুক্ত দখল না থাকাই ইহার একমাত্র কারণ। যাহাতে কাবিন লিখকগণ শুদ্ধভাবে কাবিন লিখিতে পারেন তৎজন্য এই ক্ষুদ্র পুস্তিকায় কাবিনের বিভিন্ন প্রকার পাঠ ও কতকগুলি আবশ্যকীয় সর্ত্ত সন্নিবেশিত করিয়া প্রকাশ করা হইল। কাবিন লিখকগণ এই পুস্তিকা দ্বারা কিছুমাত্র উপকার পাইলে শ্রম সফল জ্ঞান করিব। ইতি।

গ্রাম হাজিনগর,
পোঃ লক্ষীকুল,
জিলা ঢাকা।
১২ই কার্ত্তিক, ১৩২৬

বিনীত—
সৈয়দ মোয়াজ্জম হোছেন।

142. ৮৫.৭।৭.14.

بسم الله الرحمن الرحيم *

# কাবিন-নামা।

দুল্‌হা ও দুল্‌হন উভয়ে বালেগ হইলে এইরূপে কাবিন লিখিতে হইবে।

## শুভ বিবাহের কাবিন-নামা।

| কাবিন গৃহীতা। | কাবিন দাতা। |
|---|---|
| আমেনা খাতুন পিং ওলিউল্লা মিঞা। সাং কাজিরবাগ, থানা হরিরামপুর, জিলা ঢাকা। | সেরাজউদ্দিন আহমদ পিং নজমউদ্দিন আহমদ সাং ছৈয়দনগর, থানা হরিরাম-পুর, জিলা ঢাকা। |

দুল্‌হন কুমারী * বালেগা।

কস্য শুভ-বিবাহের কাবিন-নামা পত্রমিদং কার্য্যাঞ্চাগে, জিলা ঢাকার অন্তর্গত হরিরামপুর থানার মোতালুক কাজিরবাগ সাকিনের মুন্সী আব্দুল বারী সাহেবের পুত্র আপনার নানা † আব্দুল গফুর ছাহেব আমার সহিত আপনার বিবাহে, আপনার এজেন পাইয়া জাবেতা মতে উকিল নিযুক্ত হইয়াছেন বলিয়া তস্য সাক্ষীদ্বয়—উক্ত সাকিনের মুনসী আব্দুল হামিদ ছাহেবের পুত্র আপনার চাচা † আব্দুল ওয়াজেদ ছাহেব ও উক্ত সাকিনের মৃত আব্দুচ্ছোবহান ছাহেবের পুত্র আপনার চাচাত ভাই † আব্দুল আলী ছাহেব কর্ত্তৃক ছাবেত হওয়ায় উক্ত উকিল ছাহেব হাজিরাণ মজলিশের ব্যক্তিগণ

* দুল্‌হন কুমারী, বিধবা কি তালাকী, তাহা এই স্থানে লিখিতে হইবে; যথা—কুমারী বালেগা; বিধবা বালেগা কি তালাকী বালেগা।

† দুল্‌হনের সহিত কোন রেশ্‌তা থাকিলে তাহা এই স্থানে লিখিতে হইবে।

সাক্ষাতে আপনার সহিত আমার বিবাহের যে ইজাব ( প্রস্তাব ) আমার নিকট করিলেন, তাহা আমি স্বেচ্ছাপূর্ব্বক কবুল ( স্বীকার ) করতঃ মঃ ২০০০৲ দুই হাজার টাকা দেন মোহরের পরিবর্ত্তে যাহার অর্দ্ধেক মঃ ১০০০৲ এক হাজার টাকা তলবমাত্র, অবশিষ্ট অর্দ্ধেক মঃ ১০০০৲ এক হাজার টাকা বিবাহ বন্ধন স্থিরতর থাকা পর্য্যন্ত ক্রমে, আদায় করার অঙ্গীকারে নিম্নলিখিত সর্ত্ত সকল স্বীকার পূর্ব্বক আপনাকে বিবাহ করিয়া স্বেচ্ছা ও সজ্ঞানে অত্র কাবিন-নামা লিখিয়া দিলাম। ইতি সন ১৩২৬, ১৩ই আশ্বিন। *

## তফ্‌শীল সর্ত্ত।

১। আপনার সহিত শরার বরখেলাপ আচরণ ও ভদ্রসমাজের রীতিবিরুদ্ধ ব্যবহার করিব না।

২। আপনি বন্ধ্যা কি চিররুগ্না না হইলে আপনার বর্ত্তমানে আপনার অনুমতি ভিন্ন ও সম্মতি ছাড়া অন্য বিবাহ কি নিকাহ করিব না।

৩। আপনি যখন ইচ্ছা আপন পিতা মাতা ও ঘনিষ্ট কুটুম্বালয় যাতায়াত করিতে পারিবেন এবং যত দিন তথায় থাকিবেন, আপনার খোরাক পোষাক বাবদ মাসিক ১০৲ দশ টাকা হিসাবে মাস মাস দিব।

৪। উপরোক্ত সর্ত্ত সকলের কোন এক সর্ত্ত লঙ্ঘন করিলে কি একাদিক্রমে চারি বৎসরকাল নিরুদ্দেশ থাকিলে কিম্বা আপনাকে রীতিমত খোরাক পোষাক না দিলে বা তত্ত্ব তালাফী না করিলে, ( অথবা কোন কারণ বশতঃ আপনার তালাক লওয়ার প্রয়োজন হইলে † ) আপনি যখন ইচ্ছা নিজ নফ্‌ছকে তিন তালাক বাক্যেন দিয়া বিবাহবন্ধন ছিন্ন করিতে পারিবেন; তাহাতে আমি কোন রূপ ওজর আপত্য করিলে তাহা আদালতে অগ্রাহ্য।

---

* যে তারিখে বিবাহ হইয়াছে, ঐ তারিখ এই স্থানে লিখিতে হইবে।

† অনাবশ্যক বোধ করিলে এই অংশটুকু পরিত্যাগ করিবে।

বিবাহ দুল্‌হনের পিতার বাড়ীতে * হইয়াছে।

| ইসাদি— | ইসাদি— | লেখক— |
|---|---|---|
| আবদুর রউফ খাঁ | নুরুদ্দিন আহমদ | মোহেব্বোর রাহমান |
| সাং ছৈয়দনগর। | সাং কাজির বাগ। | সাং কাজির বাগ। |

দ্রষ্টব্য ঃ—মুছলমানী চারি সর্ত্ত যাহা সাধারণতঃ কাবিনে লিখার নিয়ম মুছলমান সমাজে প্রচলিত আছে, তাহা উপরে দেওয়া হইল। তদতিরিক্ত আরও কয়েকটী সর্ত্ত নিম্নে দেওয়া যাইতেছে। পক্ষগণ আবশ্যকমত যে চারিটী সর্ত্ত ইচ্ছা করেন, কাবিনে লিখিতে পারেন।

১। সাদি কি গমি উপলক্ষে অথবা অন্য কোন কার্য্য বশতঃ আপনার পিতার বাড়ী বা অন্য কোন ঘনিষ্ট কুটুম্বালয়ে আপনার ইচ্ছামত যাতায়াত করিতে পারিবেন, তাহাতে আমি কোন প্রকার বাধা জন্মাইতে পারিব না বরং ঐ যাতায়াতের ব্যয়ভার আমি নিজ হইতে বহন করিব।

২। আমার কি আমার পরিবারস্থ কাহারও সহিত আপনার অবর্গ হইলে আপনি স্বীয় পিত্রালয় বা আত্মীয়গণ মধ্যে যাহার বাটীতে ইচ্ছা বাস করিতে পারিবেন। তথায় আপনার খোরাক পোষাক বাবদ আপনাকে মাসিক ১৫৲ টাকা হিসাবে মাস মাস দিব, না দিলে আমার স্থাবর অস্থাবর সম্পত্তি দ্বারা আদায় করিয়া লইতে পারিবেন।

৩। কার্য্যোপলক্ষে আমার বিদেশ যাওয়া আবশ্যক হইলে আপনার ভরণপোষণের বন্দোবস্ত করিয়া দিয়া যাইব এবং যত দিন বিদেশে থাকিব, আপনাকে উক্ত হারে মাস মাস নিয়মিত খোরাক পোষাক দিতে থাকিব।

৪। দেন মোহরের টাকা, আপনার তৎকালীন প্রধান ওলীর অসম্মতিতে ও অসম্মতিতে আপনার নিকট হইতে মাফ লইলে কি উশুল দিলে তাহা সর্ব্বতোভাবে অগ্রাহ্য; বরং মোহরাণার যে পরিমাণ টাকা

* যাহার বাড়ী বিবাহ হইয়াছে, তাহার নাম, পিতার নাম ও সাকিন এই স্থানে লিখিতে হইবে।

যখন পরিশোধ করিব কি মাফ লইব, তাহা আপনার প্রধান ওলীর সাক্ষাতে কাবিনের পৃষ্ঠে ওয়াশীল লিখাইয়া লইব।

৫। আপনার খোরপোষ না দিয়া আমি একাদিক্রমে এক বৎসর কাল প্রবাস করিব না। আপনাকে কটুবাক্য ও ফাহেশা গালি গালাজ বলিব না ও করিব না।

৬। আপনার দেন মোহরের টাকা তলব করামাত্র তৎক্ষণাৎ বিনা ওজরে আদায় করিব। না করিলে আমার স্থাবর অস্থাবর সম্পত্তি নিলাম বিক্রয়দ্বারা আদায় করিয়া লইতে পারিবেন।

৭। ভবিষ্যতে কোন কারণবশতঃ আপনার তালাক লওয়ার প্রয়োজন হইলে আপনি আমার উপস্থিত বা অনুপস্থিতিতে, সম্মতি বা অসম্মতিতে, যখন ইচ্ছা নিজ নফ্ছ্‌কে তিন তালাক বায়েন দিয়া বিবাহ বন্ধন ছিন্ন করিতে পারিবেন। তাহাতে আমি কোন প্রকার ওজর আপত্য করিলে তাহা আদালতে অগ্রাহ্য।

দুলহা ঘরজামাতা থাকিলে এই সর্ত্তটী লিখিতে হইবে।

৮। আমাদের বিবাহ বন্ধন কায়েম থাকা পর্য্যন্ত আমি আপনার পিতার বাড়ী আজীবন ঘরজামতা থাকিয়া স্বীয় উপার্জ্জন দ্বারা আমাদের জীবন-যাত্রা নির্ব্বাহ করিব; কস্মিনকালেও আপনার পিত্রালয় ছাড়িয়া অন্য কোন স্থানে গিয়া বসত বাস করিতে পারিব না এবং আপনার ও আপনার ওলীর অসম্মতিতে আমি আপনাকে আপনার পিত্রালয় হইতে স্থানান্তর করিতে পারিব না।

৯। উপরোক্ত সর্ত্ত সকলের কোন এক সর্ত্ত বা তাহার কোন একাংশ লঙ্ঘন করিলে মোহরাণার মোওয়াজ্জল অর্থাৎ ডপার্ড এর ১০০০৲ এক হাজার টাকা মোআজ্জলে অর্থাৎ প্রম্পট এ গণ্য হইয়া সম্পূর্ণ মোহরাণার ২০০০৲ দুই হাজার টাকা আমার নিকট হইতে এক যোগে আদায় করিয়া লইতে পারিবেন। তাহাতে কোন-ওজর আপত্য করিলে তাহা আদালতে অগ্রাহ্য।

দুলহা বালেগ ও দুলহন নাবালেগা হইলে এইরূপে
কাবিন লিখিতে হইবে।

ইয়াদিকির্দ্দ শ্রীমতী হাফেজা খাতুন পিং আলিমদ্দিন খাঁ সাং সুতালড়ি, থানা হরিরামপুর, জিলা ঢাকা। জাতি মুছলমান, পেসা তালুকদারী।

বরাবরেষু।

লিখিতং সেখ লিহাজদ্দিন পিং সেখ রহমতউল্লা সাং রামকৃষ্টপুর, থানা হরিরামপুর, জিলা ঢাকা। জাতি মুছলমান, পেশা চাকরী। কস্য শুভ বিবাহের কাবিননামা পত্র মিদং কার্য্যঞ্চাগে আপনি নাবালেগা থাকা বিধায় আপনার পিতা* আলিমদ্দিন খাঁ পিং মৃত নাছেরদ্দিন খাঁ ছাহেবের এজেন ও ইজাব মতে হাজিরান মজলিশের ব্যক্তিগণ সাক্ষাতে মঃ ৫০০৲ পাঁচ শত টাকা দেন মোহরের পরিবর্ত্তে যাহার অর্দ্ধেক তলব মাত্র ও বক্রি অর্দ্ধেক ক্রমে আদায় করার অঙ্গীকারে নিম্নলিখিত সর্ত্ত সকল স্বীকার পূর্ব্বক আপনাকে বিবাহ করিয়া স্বেচ্ছা ও সজ্ঞানে অত্র কাবিননামা লিখিয়া দিলাম। ইতি সন ১৩২৬, ১০ই মাঘ। †

## তফশীল সর্ত্ত।

১। আপনার সহিত সর্ব্বদা সদ্ব্যবহারে সুখ সচ্ছন্দের সহিত কাল যাপন করিব। শরা শরীফের বরখেলাক ও ভদ্র সমাজের রীতি বিরুদ্ধ কোন কার্য্য আপনা দ্বারা করাইব না।

২। আপনি নাবালেগা থাকা পর্য্যন্ত আপনার প্রধান ওলীর ও বালেগা হইলে আপনার নিজ অনুমতি ভিন্ন অন্য বিবাহ কি নিকাহ করিব না। করিলে তাহার হরকেছেম তালাকের ক্ষমতা যথাক্রমে আপনাদের হস্তে অর্পণ করিলাম।

৩। আমার বাটীস্থিত কেহর সহিত আপনার বনিবনাও না হইলে

* দুলহনের সহিত ওলীর যে রেশতা তাহা লিখিতে হইবে।

† যে তারিখে বিবাহ হইয়াছে ঐ তারিখ এই স্থানে লিখিতে হইবে।

আপনার পিত্রালয় বা আত্মীয়গণ মধ্যে যাহার বাটীতে ইচ্ছা বাস করিতে পারিবেন। তথায় আপনাকে রীতিমত ভদ্রলোকের নিয়মানুযায়ী খোরপোষ দিতে থাকিব। না দিলে নালিশ দ্বারা ডিক্রি করিয়া আদায় করিয়া লইতে পারিবেন।

৪। উপরোক্ত সর্ত্ত সকলের কোন এক সর্ত্ত কি তাহার কোন একাংশ লঙ্ঘন করিলে কি একাদিক্রমে চারি বৎসরকাল নিরুদ্দেশ থাকিলে অথবা আপনাকে রীতিমত খোরাক পোষাক না দিলে বা তত্ব তালাফী না করিলে আপনি নাবালেগা থাকা পর্য্যন্ত আপনার প্রধানওলী ও বালেগা হইলে আপনি আপনার নফ্ছকে তিন তালাক বায়েন দিয়া বিবাহ বন্ধন ছিন্ন করিতে পারিবেন। বিবাহ দুল্হনের পিতার বাড়ীতে* হইয়াছে।

---

দুল্হা ও দুল্হন উভয়ে নাবালেগ হইলে এইরূপে কাবিন লিখিতে হইবে।

| কাবিন গৃহিতা— | কাবিন-দাতা— |
|---|---|
| আয়শা খাতুন পিং ওলিউজ্জমান নাবালেগা পক্ষে ওলী তস্য পিতা উক্ত ওলী উজ্জমান পিং মৃত আছাদ উজ্জমান সাং কাজিকাছবা, থানা হরিরামপুর, জিলা ঢাকা। জাতি মুছলমান, পেসা জোতদারি। | আব্দুল বাকী খন্দকার পিং মৃত বাহার উল্লা খন্দকার সাং কাজিকাছবা, থানা হরিরামপুর, জিলা ঢাকা। জাতি মুছলমান, পেসা গৃহস্থী |

## দুল্হা ও দুল্হন উভয়ে নাবালগ।

কস্য শুভবিবাহের কাবিননামা পত্র মিদং কার্য্যঞ্চাগে-আপনি নাবালেগা থাকা বিধায় আপনার পিতা উক্ত ওলীউজ্জমান ছাহেবের এজেন ও

---

* যাহার বাড়ীতে বিবাহ হইয়াছে, তাহার নাম, পিতার নাম ও সাকিন এই স্থানে লিখিতে হইবে।

ইস্লাব মতে হাজিরাণ মজলিশের ব্যক্তিগণ সাক্ষাতে মঃ ১৫০৲ এক শত পঞ্চাশ টাকা দেনমোহরের পরিবর্ত্তে যাহার অর্দ্ধাংশ তলবমাত্র ও বক্রী অর্দ্ধাংশ ক্রমে আদায় করার অঙ্গীকারে ও নিম্ন লিখিত সর্ত্তসকল স্বীকার পূর্ব্বক আপনাকে আমার নাবালগ পুত্র খন্দকার আব্দুল হাই মিঞার জওজিয়াতে আনিয়া তাহার পক্ষ হইতে সজ্ঞানে ও বহাল তবিয়তে অত্র কাবিননামা লিখিয়া দিলাম। ইতি সন ১৩২৬, ২৮শে শ্রাবণ। *

## তফশীল সর্ত্ত।

১। আপনি বন্ধ্যা কি চিররুগ্না না হইলে আপনার বর্ত্তমানে, আপনি নাবালেগা থাকা পর্য্যন্ত আপনার প্রধান ওলীর ও বালেগা হইলে আপনার নিজ অনুমতি ভিন্ন আমার পুত্র খন্দকার আব্দুল হাই মিঞাকে, নাবালেগ থাকা পর্য্যন্ত আমি, আমি অভাবে তৎকালীন প্রধান ওলী এবং বালেগ হইলে সে নিজে অন্য বিবাহ কি নিকাহ করাইব না ও করিবে না। যদি করাই কি করে তবে তাহার হরকেছেম তালাকের ক্ষমতা যথাক্রমে আপনাদের হস্তে অর্পণ করিলাম।

২। পুত্র মজকুর নাবালগ থাকা পর্য্যন্ত আমার সহিত ও বালেগ হইলে তাহার সহিত কি উভয় অবস্থায় আমাদের কি আমাদের পরিবারস্থ কাহারও সহিত আপনার অবর্গ হয়, তবে আপনি আপনার পিতৃ কুলোদ্ভব ঘনিষ্ট আত্মীয়ালয়ে থাকিয়া মাসিক ১০৲ টাকা হিসাবে খোরাকী পুত্র মজকুর নাবালগ থাকা পর্য্যন্ত আমার নিকট হইতে এবং বালেগ হইলে তাহার নিকট হইতে লইতে পারিবেন।

৩। আপনার মাতৃপিতৃকুলের ঘনিষ্ট আত্মীয়ের হর্ষ-বিষাদে আমার কথিত পুত্র নাবালগ থাকা পর্য্যন্ত আমার ও বালেগ হইলে তাহার উপস্থিত ও অনুপস্থিতিতে এবং অনুমতি ও বিনানুমতিতে তথায় যাতায়াত করিতে পারিবেন, তাহাতে আমরা কোন বাধা জন্মাইব না। বরং যাতায়াতের ব্যয়ভার যথাক্রমে আমরা বহন করিব।

* যে তারিখে বিবাহ হইয়াছে, ঐ তারিখ লিখিতে হইবে।

৩। আমার পুত্র মজকুর বালেগ হইয়া একাদিক্রমে চারি বৎসর কাল নিরুদ্দেশ থাকিলে কি, আপনাকে রীতিমত খোরাক পোষাক না দিলে বা উল্লিখিত সর্ত্ত সকলের কোন এক সর্ত্ত কি তাহার কোন একাংশ লঙ্ঘন করিলে আপনি নাবালেগা থাকা পর্য্যন্ত আপনার প্রধান ওলী ও বালেগা হইলে আপনি আপনার নফ্ছকে তিন তালাক বায়েন দিয়া বিবাহ বন্ধন ছিন্ন করিতে পারিবেন। তাহাতে আমি কোন ওজর আপত্য করিলে তাহা আদালতে অগ্রাহ্য।

দেন মোহরের টাকার পরিবর্ত্তে স্ত্রীকে বিবাহের সময় কোন সম্পত্তি লিখিয়া দিলে, বিবাহের তারিখের পরে ও তফসীল সর্ত্তের পূর্ব্বে, ঐ সম্পত্তির বর্ণনা, খতিয়ান নম্বর ও চৌহদ্দি প্রভৃতি নিম্ন লিখিতভাবে লিখিতে হইবে, যথা ঃ—

ষ্টেশন ও সব রেজিষ্ট্রার হরিরামপুরের এলাকাধীন পরগণে মোবারক উজিয়াল ডিহি পলান খাঁ তরফে দানিস্তনগর, মৌজে কামারঘোণা ৩২১ নম্বর তালুক বঃ জীবণকৃষ্ণ সরকার নামে জিলা ঢাকার কালেক্টরীতে যে নিযুক্ত আছে উক্ত তালুকান্তর্গত কামারঘোণা মধ্যে চালা নিবাসী শ্রীযুক্ত বাবু রাধারমন সরকার গয়রহ মালিকান অধীনে বার্ষিক ষোল আনাতে ৬৸৹ আনা জমায় নিম্ন চৌহদ্দিস্থিত যে সাধারণ রায়তী জোত নিযুক্ত আছে উক্ত জোতের ৷৷৶৹ দশ আনা অংশে আমি মালিক দখিল-কার আছি। উক্ত ৷৷৶৹ দশ আনার ষোল আনা রকমে ৷৹ চারি আনা অংশ আমি মোহরে মোআজ্জলের মঃ ......... টাকার পরিবর্ত্তে সজ্ঞানে ও বহাল তবিয়াতে আপনাকে লিখিয়া দিলাম।

## তফ্শীল চৌহদ্দী।

......নং মৌজে ...............খতিয়ান নং .........

১। পশ্চিমে বাবুরালীর জমি, দক্ষিণে সেরাজ সেকের জমি, পূর্ব্বে বনমালীর জমি, উত্তরে মেহের সেকের জমি, এই চৌহদ্দি মধ্যে.../৫৸
মং একপাখী পোনেছয় গণ্ডা।

## তফ্শীল সর্ত্ত।

IMPERIAL LIBRARY

৩। আমার পুত্র মজকুর বালেগ হইয়া একাদিক্রমে চারি বৎসর কাল নিরুদ্দেশ থাকিলে কি, আপনাকে রীতিমত খোরাক পোষাক না দিলে বা উল্লিখিত সর্ত্ত সকলের কোন এক সর্ত্ত কি তাহার কোন একাংশ লঙ্ঘন করিলে আপনি নাবালেগা থাকা পর্য্যন্ত আপনার প্রধান ওলী ও বালেগা হইলে আপনি আপনার নফ্‌ছকে তিন তালাক বায়েন দিয়া বিবাহ বন্ধন ছিন্ন করিতে পারিবেন। তাহাতে আমি কোন ওজর আপত্য করিলে তাহা আদালতে অগ্রাহ্য।

দেন মোহরের টাকার পরিবর্ত্তে স্ত্রীকে বিবাহের সময় কোন সম্পত্তি লিখিয়া দিলে, বিবাহের তারিখের পরে ও তফসীল সর্ত্তের পূর্ব্বে, ঐ সম্পত্তির বর্ণনা, খতিয়ান নম্বর ও চৌহদ্দি প্রভৃতি নিম্ন লিখিতভাবে লিখিতে হইবে, যথা ঃ—

ষ্টেশন ও সব রেজিষ্ট্রার হরিরামপুরের এলাকাধীন পরগণে মোবারক উজিয়াল ডিহি পলান খাঁ তরফে দানিস্তনগর, মৌজে কামারঘোণা ৩২১ নম্বর তালুক বঃ জীবণকৃষ্ণ সরকার নামে জিলা ঢাকার কালেক্টরীতে যে নিযুক্ত আছে উক্ত তালুকান্তর্গত কামারঘোণা মধ্যে চালা নিবাসী শ্রীযুক্ত বাবু রাধারমন সরকার গয়রহ মালিকান অধীনে বার্ষিক ষোল আনাতে ৬৸৹ আনা জমায় নিম্ন চৌহদ্দিস্থিত যে সাধারণ রায়তী জোত নিযুক্ত আছে উক্ত জোতের ॥৵৹ দশ আনা অংশে আমি মালিক দখিল-কার আছি। উক্ত ॥৵৹ দশ আনার ষোল আনা রকমে ।৹ চারি আনা অংশ আমি মোহরে মোআজ্জলের মঃ ......... টাকার পরিবর্ত্তে সজ্ঞানে ও বহাল তবিয়াতে আপনাকে লিখিয়া দিলাম।

## তফশীল চৌহুদ্দী।

......নং মৌজে ..................খতিয়ান নং ..........

১। পশ্চিমে বাবুরালীর জমি, দক্ষিণে সেরাজ সেকের জমি, পূর্ব্বে বনমালীর জমি, উত্তরে মেহের সেকের জমি, এই চৌহদ্দি মধ্যে.../৫৸

মঃ একপাখী পোনেছয় গণ্ডা।

## তফশীল সর্ত্ত।

IMPERIAL LIBRARY.

# ইস্‌লামিয়া প্রেস,

## সাতরওজা, ঢাকা।

এই প্রেসে ইংরাজী, বাঙ্গালা, সংস্কৃত, আরবী, পারসী ও উর্দ্দূ সমস্ত ভাষায় ডিমাই, রয়েল, ক্রাউন, ডবল ক্রাউন প্রভৃতি সর্ব্বপ্রকার সাইজের পুস্তক, চেক, রসিদ, বিল-ফর্ম্ম, বিবিধ প্রকার রুলিংফর্ম্ম, হ্যাণ্ডবিল, প্রোগ্রাম, কার্ড, নোটপেপার, বিবাহের চিঠি, উপহার, এক্সারসাইজ বুক এবং পুথি ইত্যাদি সর্ব্বপ্রকার ছাপারকার্য্য সত্বর ও সুলভ মূল্যে সম্পন্ন হইয়া থাকে। মফঃস্বলের গ্রন্থকার মহোদয় ও গ্রাহকমণ্ডলীর সুবিধার জন্য অর্ডার পাইলে ভিঃ পিঃতেও ছাপান কাগজ পাঠান হয়। একবার পরীক্ষা প্রার্থনীয়।

নিবেদক—

**হাজি সোলেমানআলী।**

প্রোপ্রাইটার।

---

ঢাকা, ইসলামিয়া প্রেসে,
কাজি মহাম্মদ ইব্রাহিম কর্ত্তৃক মুদ্রিত।

1 MAR 1920